যুগান্তর

তারিখ ... 21 JUL 2012 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

পদ্মা সেতুর জন্য শিক্ষকদের বেতন কাটার সিদ্ধান্তে পাল্টাপাল্টি অবস্থান

যুগান্তর রিপোর্ট

পদ্মা সেতুর জন্য শিক্ষকদের একদিনের বেতন কেটে নেয়ার সিদ্ধান্তের পক্ষে-বিপক্ষে অবস্থান নিয়েছে শিক্ষক সংগঠনগুলো। শিক্ষক আন্দোলনের সবচেয়ে বড় দুটি মোর্চা এ নিয়ে শুক্রবার পৃথক বিবৃতি দেয়। সরকারপন্থী মোর্চা শিক্ষক কর্মচারী ফ্রন্ট বলেছে, তারা এমপিওভুক্ত শিক্ষক কর্মচারীদের কাছ থেকে ১৩ কোটি টাকা প্রদানের প্রস্তাব গ্রহণ করেছেন। বিপরীত দিকে সরকারবিরোধী মোর্চা 'শিক্ষক কর্মচারী ঐক্যজোট' ওই সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়েছে।

শিক্ষক কর্মচারী ফ্রন্ট : দেশের বেসরকারি স্কুল কলেজ ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ১১টি সংগঠন নিয়ে গঠিত জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের জাতীয় কমিটির বিশেষ সভা শুক্রবার অনুষ্ঠিত হয়। সংগঠনের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের সভাপতিত্বে সভায় এমপিওভুক্ত বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সাড়ে পাঁচ লক্ষাধিক শিক্ষক-কর্মচারীর পক্ষ থেকে পদ্মা সেতুর জন্য এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের একদিনের বেতন ১৩ কোটি টাকা প্রদানের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। তবে একদিনের এ অর্থ প্রদানে কারও আপত্তি থাকলে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক বরাবর তা লিখিতভাবে জানাতে অনুরোধ করা হয়েছে। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষক নেতা মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ এমএ সাত্তার, অধ্যাপক নজরুল ইসলাম খান, মাহবুব আলম তালুকদার, খান মোশাররফ হোসেন প্রমুখ। এদিকে রমজান শুরুর প্রাক্কালে জুলাইয়ের তৃতীয় সপ্তাহেও বেসরকারি শিক্ষক-কর্মচারীদের হাতে জুন মাসের সরকারি বেতন না পৌঁছানোয় তীব্র ক্ষোভ প্রকাশ করেন তারা।

শিক্ষক-কর্মচারী ঐক্যজোট : সংগঠনের চেয়ারম্যান অধ্যক্ষ সেলিম ভূঁইয়া স্বাক্ষরিত এক বিবৃতিতে শিক্ষকদের সঙ্গে আলোচনা না করে একদিনের বেতন কেটে নেয়ার সরকারি সিদ্ধান্তের প্রতিবাদ জানানো হয়। বলা হয়, অতীতে দেশের দুর্যোগপূর্ণ পরিস্থিতিতে বেসরকারি শিক্ষক-কর্মচারীরা তাদের একদিনের বেতন সরকারি তহবিলে দিয়েছেন। এমনও আর্থিক গীবাবদ্ধতার মাঝেও দেশের জরুরি প্রয়োজনে দিতে প্রস্তুত। কিন্তু কোন বিতর্কিত বিষয়ে শিক্ষকদের সঙ্গে আলোচনা না করে তাদের একদিনের বেতন কেটে নেয়া অযৌক্তিক ও অন্যায়। তবে অর্থের যথেচ্ছ ব্যবহার হলে শিক্ষকরা একদিন নয়, প্রয়োজনে দুদিনের বেতন দেবেন। এদিকে আরেক বিজ্ঞপ্তিতে তারা জানিয়েছেন, চাকরি জাতীয়করণের দাবিতে শুক্রবার সকালে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের খুলনা জেলা শাখা শিক্ষক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে খুলনা প্রেস ক্লাবে। অধ্যক্ষ এএসএম সাইফুদ্দোহার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলার চেয়ারম্যান অধ্যক্ষ মোঃ সেলিম ভূঁইয়া, বিশেষ অতিথি ছিলেন মাওলানা মোঃ দেলোয়ার হোসেন। স্থানীয় সংসদ সদস্য এম নজরুল ইসলাম মঞ্জু সম্মেলন উদ্বোধন করেন।